# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৭৯]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ২: অত্যাচারী শাসকদের সঙ্গে সালাত আদায় করা

الصلاة مع أئمة الجور

আরবী

أَخْبَرَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، قال: حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ أَبِي الْعَالِيَةِ الْبَرَّاءِ قال: أَخَّرَ زِيَادٌ الصَّلَاةَ فَأَتَانِي ابْنُ صَامِتٍ فَأَلْقَيْتُ لَهُ كُرْسِيًّا فَجَلَسَ عَلَيْهِ فَذَكَرْتُ لَهُ صُنْعَ زِيَادٍ فَعَضَّ عَلَى شَفَتَيْهِ وَضَرَبَ عَلَى فَخِذِي وَقَالَ: إِنِّي سَأَلْتُ أَبَا ذَرٍّ كَمَا سَأَلْتَنِي فَضَرَبَ فَخِذِي كَمَا ضَرَبْتُ فَخِذَكَ وَقَالَ: إِنِّي سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا سَأَلْتَنِي فَضَرَبَ فَخِذِي كَمَا ضَرَبْتُ فَخِذَكَ فَقَالَ عَلَيْهِ الصَّلَاة وَالسَّلَامُ صَلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا فَإِنْ أَدْرَكْتَ مَعَهُمْ فَصَلِّ وَلَا تَقُلْ إِنِّي صَلَّيْتُ فَلَا أُصَلِّي .

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ٤١ (٦٤٨)، وقد أخرجه: (تحفة الأشراف: ١١٩٤٨)، مسند احمد ٥/١٤٧، ١٦٠، ١٦٨، سنن الدارمی/الصلاة ٢٥ (١٢٦٣)، ويأتی عند المؤلف في الإمامة ٥٥ (برقم: ٨٦٠) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 779 ـ صحيح

বাংলা

৭৭৮. যিয়াদ ইবনু আইয়ূব (রহ.) আবুল আলিয়াহ আল বাররা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, যিয়াদ দেরীতে সালাত আদায় করলেন। তারপর ইবনুস্ সামিত (রাঃ) আমার কাছে আসলে আমি তার জন্যে একখান কুরসী পেতে দিলাম। তিনি তার উপর বসলেন, আমি তাঁর কাছে যিয়াদ-এর কাণ্ড বর্ণনা করলাম, তিনি তাঁর ওষ্ঠদ্বয় কামড়ে ধরলেন এবং আমার উরুদেশ চেপে ধরলেন এবং বললেন, আমি আবূ যার (রাঃ)-কে প্রশ্ন করেছিলাম যেমন তুমি আমাকে প্রশ্ন করলে। তারপর তিনি আমার উরুতে হাত মারলেন, যেমন আমি তোমার উরুতে হাত মেরেছি। এরপর বললেন, আমি রাসূলুল্লাহ (সা.)-কে প্রশ্ন করেছিলাম যেরূপ তুমি আমাকে প্রশ্ন করলে। এতে

তিনি আমার উরুতে হাত মারলেন যেমন আমি তোমার উরুতে হাত মেরেছি। এরপর রাসূলুল্লাহ (সা.) বলেছিলেন, সালাত যথাসময়ে আদায় কর। যদি তাদের সাথে সালাত পাও তবে আদায় করে নিবে। কিন্তু এ কথা বলো না যে, আমি সালাত আদায় করে ফেলেছি। এখন আর আদায় করব না।

## English

2. Praying With Tyrannical Leaders

It was narrated that Abu Aliyah Al-Barra said: Ziyad delayed the prayer, then Ibn Samit came to me and I gave him a chair and he sat on it. I told him what Ziyad had done and he bit his lip (in disapproval), and he struck me on the thigh and said: 'I asked Abu Dharr the same question you asked me, and he struck me on the thigh as I struck you on the thigh and said: I asked the Messenger of Allah (ﷺ) the same question as you have asked me and he struck me on the thigh as I have struck you on the thigh and said: Offer the prayer on time, and if you catch up with them, then pray with them, and do not say: 'I have already prayed so I will not pray(now). '

### ফুটনোট

সহীহ: মুসলিম ৬৪৮, বুখারী'র “আদাবুল মুফরাদ" ৯৫৪, সহীহ: ইবনু খুযায়মাহ (৩/৬৬), হাঃ ১৬৩৭, ইওয়াউল গালীল ৪৮৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87152

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন